




## তিস্তাসহ নদী ব্যবস্থাপনায় সহযোগিতা বাড়াতে একমত বাংলাদেশ-চীন



ছবি: সংগৃহীত

তিস্তাসহ বিভিন্ন নদীর টেকসই ব্যবস্থাপনা, বন্যা নিয়ন্ত্রণ এবং পানিসম্পদ উন্নয়নে সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে একমত হয়েছে বাংলাদেশ ও চীন। বৃহস্পতিবার (২৫ জুন) বেইজিংয়ের দিয়াওইউতাই রাষ্ট্রীয় অতিথি ভবনে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের পানিসম্পদমন্ত্রী লি গোওইংয়ের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে প্রধানমন্ত্রী বাংলাদেশের নদী খনন, বন্যা ঝুঁকি হ্রাস, নদীভাঙন প্রতিরোধ, সেচ সুবিধা সম্প্রসারণ এবং নৌপথ উন্নয়নে চীনের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি তিস্তা নদী ব্যবস্থাপনা প্রকল্পে কারিগরি সহায়তার বিষয়টিও তুলে ধরেন।

জবাবে চীনের পানিসম্পদমন্ত্রী বাংলাদেশের পানি খাতে চলমান উদ্যোগের প্রশংসা করে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। তিনি বলেন, পানি ব্যবস্থাপনা নিয়ে দুই দেশের মধ্যে দীর্ঘদিনের সহযোগিতার ভিত্তি রয়েছে এবং ভবিষ্যতেও এ সম্পর্ক আরও সম্প্রসারিত হতে পারে।

লি গোওইং বাংলাদেশি পানি বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত দক্ষতা উন্নয়নে সহযোগিতার আগ্রহও প্রকাশ করেন।

বৈঠকে দুই দেশের মধ্যে পানিসম্পদ ব্যবস্থাপনা, গবেষণা, প্রযুক্তি বিনিময় এবং সক্ষমতা উন্নয়নের ক্ষেত্রগুলোতে যৌথভাবে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।